

৪ মাস যাবৎ জগন্নাথ কলেজ বন্ধ

॥ রেজাবুর রহমান ॥
দীর্ঘ ৪ মাস ধরিয়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলেজ বন্ধ থাকায় ২৬ হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হইয়া পড়িয়াছে। ১৫ই জুন কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগের (আ-জ) কর্মীদের মধ্যে সংগ্রাম সংঘাতে ২ জন ছাত্রের মৃত্যুর পর অনিদিষ্ট কালের জন্য কলেজ বন্ধ করিয়া দেওয়া হয়। ইহার পর অদ্যাবধি (শেষ পৃ: ৬-এর ক: ৩:)

43

জগন্নাথ কলেজ

(১ম পৃ: পর)

কলেজ খোলার ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। কবে খুলিবে কত পক্ষ তাহাও বলিতে পারিতেছেন না।

১৫ই জুন কলেজ ক্যাম্পাস সংলগ্ন ডাঃ মিলন হলে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে গোলাগুলির ঘটনার ছাত্রদল নেতা মনির, ছাত্র লীগ নেতা স্বপন নিহত হয়। পরবর্তীতে বন্ধ হল ক্যাম্পাস। মধ্যলকে কেন্দ্র করিয়া দুই পক্ষের মধ্যে কয়েক মফা গোলাগুলি হয়। একটি সূত্র জানায়, প্রায় বাসাবিক্রমাল ধরিয়া কলেজ ক্যাম্পাস পাত্ত রহিয়াছে। তবে উদ্ভেজনা কমে নাই। প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্যাম্পাসে আধিপত্য বিস্তারের প্রচেষ্টা অব্যাহত রহিয়াছে। বিবদমান দুই ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে লহিষ্ণু মনোভাব বিরিয়া না আসায় কলেজ খোলার কোন ইচ্ছিত পাওয়া বাইতেছে না।

দিয়া, রাত্রি দুই শিকটে জগন্নাথ কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৬ হাজারেরও বেশী। ৪ মাস ধরিয়া কলেজের সকল কর্মকাণ্ড বন্ধ থাকায় অনার্স প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীরা সেড বছরেও দ্বিতীয় বর্ষে পদার্পণ করিতে পারে নাই। অনার্স ও মাষ্টার্স কাইনাই পরীক্ষার ক্ষেত্রেও একই অটলতা দেখা দিয়াছে। কলেজের একজন শিক্ষক মন্তব্য করিলেন: আর কিছুদিন কলেজ বন্ধ থাকিলে গুরুতর লেশন জট সৃষ্টি হইবে।

কলেজের একজন ছাত্র জানায়, বন্ধ কলেজে প্রতিদিন কিছু তরুণের আবির্ভাব ঘটে। তাহারা অনেকে মোটর সাইকেলযোগে ক্যাম্পাসে আসে, আড্ডা মারে চলিয়া যায়। মাঝে মাঝে হঠাৎ করিয়া মিছিল হয়। মিছিলে প্রতিপক্ষের বিরুদ্ধে শ্লোগান ধ্বনিত হওয়া মাত্রই উদ্ভেজনার সৃষ্টি হয়। ৪ মাস ধরিয়া এইভাবে কলেজ ক্যাম্পাসে উদ্ভেজনা রহিয়াছে। বিবদমান দুই ছাত্র সংগঠনই কলেজ খোলার দাবী করিতেছে, তবে গরাম মন প্রাপ্ত তাহারা একমত হইতে পারিতেছে না।

কলেজের প্রিন্সিপাল ডঃ হাবিবুর রহমান বলেন, দীর্ঘদিন কলেজ বন্ধ থাকায় আমরা ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ নিয়া দুর্ভাবনায় পড়িয়াছি। ভাবিতে অবাক লাগে খোদ রাজধানীতে একটি গুরুত্বপূর্ণ কলেজ বন্ধ রহিয়াছে অথচ কাহারও কোন মাথা ব্যথা নাই। তিনি বলেন, দীর্ঘ ৪ মাসেও কলেজ খোলার কোন পরিবেশ সৃষ্টি হয় নাই।